

'ঢাকা উত্তরে ১২ মার্কেট ও ১৪১ ভবন ঝুঁকিপূর্ণ'

অনলাইন ডেস্ক



ফাইল ছবি

ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি) এলাকায় ৭টি জায়গায় ১২টি মার্কেট ঝুঁকিপূর্ণ বলে জানিয়েছেন মেয়র মো. আনিসুল হক। পাশাপাশি ১৪১টি ঝুঁকিপূর্ণ ভবন রয়েছে বলেও তিনি জানান।

মঙ্গলবার দুপুরে গুলশান-২ এর ৯০ নম্বর সড়কের ইউনিমার ভবনে ডিএনসিসি'র মার্কেট ও ব্যক্তি

মালিকানাধীন ঝুঁকিপূর্ণ ভবন সম্পর্কে আয়োজিত

এক সংবাদ সম্মেলনে এ কথা জানান।

রাজউক ও উত্তর সিটি করপোরেশনের কর্মকর্তারা এসব ঝুঁকিপূর্ণ মার্কেটগুলো চিহ্নিত করেছেন জানিয়ে মেয়র আনিসুল হক বলেন, সবচেয়ে বেশি ঝুঁকির মধ্যে রয়েছে গুলশান-২ এর কাঁচা-পাকা মার্কেট, খিলগাঁওয়ের কাঁচা মার্কেট, খিলগাঁও সুপার মার্কেট, কারওয়ানবাজার কাঁচা ও চিকেন মার্কেট, মোহাম্মদপুর টাউন হল মার্কেট উল্লেখযোগ্য।

তিনি বলেন, ইতিমধ্যে এ ঝুঁকির বিষয়টি মার্কেট কর্তৃপক্ষকে নোটিশ দিয়ে অবগত করা হয়েছে। কিন্তু মার্কেটের ব্যবসায়ীরা এর কোনো তোয়াক্কা করছেন না।

সংবাদ সম্মেলন প্রজেক্টরের মাধ্যমে ঝুঁকিপূর্ণ মার্কেট ও ভবনের ছবি দেখানো হয়। মেয়র আনিসুল হকসহ সিটি করপোরেশনের কর্মকর্তারা সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন।

বিডি-প্রতিদিন/১৭ জানুয়ারি, ২০১৭/মাহবুব